দৈনিক সংবাদ

তারিখ ... DEC 29 1999

পৃষ্ঠা ২ কলাম ৬

36

### ৫০ লাখ টাকা আত্মসাৎ

# টেকস্ট বুক বোর্ডের ২ কর্মকর্তার বিরুদ্ধে মামলা

নিজস্ব বার্তা পরিবেশক ঃ কৃষি শিক্ষা বইয়ের অতিরিক্ত মূল্য আদায় করে প্রায় ৫০ লাখ টাকা আত্মসাতের অভিযোগে গতকাল মঙ্গলবার জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের শীর্ষ দুই কর্মকর্তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। 'কৃষি. শিক্ষা' নামে একটি বই নির্ধারিত মূল্যের অধিক মূল্যে বিক্রি করে শিক্ষার্থী ও ক্রেতাদের কাছ থেকে তারা ওই টাকা আত্মসাৎ করেছেন বলে অভিযোগ করা হয়েছে। তাদের বিরুদ্ধে মতিঝিল থানায় এই মামলা দায়ের করেন দুর্নীতি দমন ব্যুরোর কর্মকর্তা এ. কে. এম জায়েদ হোসেন খান (মামলা নং-১৮৩)। যাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে তারা হলেন বোর্ডের সাবেক কাস্টিং অফিসার মোঃ আবু হাসমত ও বর্তমান উৎপাদন নিয়ন্ত্রক নূরুল হক খান।

এজাহারে বলা হয়েছে, '৯৪ সালে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রকাশিত নবম ও দশম শ্রেণীর জন্য প্রকাশিত কৃষি শিক্ষা বইয়ের প্রতি কপির নির্ধারিত মূল্য ৩৮ টাকা ৮৫ পয়সা। কিন্তু ওই দুই কর্মকর্তা প্রতিকপি বিক্রি করেন ৫০ টাকা ১০ পয়সা দামে। তারা প্রতি কপি বইয়ে ১১ টাকা ২৫ পয়সা অতিরিক্ত মূল্য গ্রহণ করেন। এভাবে তারা মোট ৩ লাখ ৮৭ হাজার কপি বই থেকে মোট ৪৩ লাখ ৫৩ হাজার ৭শ' ৫০ টাকা অতিরিক্ত গ্রহণ করেন।

বিবরণে আরো উল্লেখ করা হয় যে, বইটির বরাদ্দপ্রাপ্তদেরকে উদ্দেশ্যমূলকভাবে লাভবান করার জন্য শিক্ষার্থী, অভিভাবক ও ক্রেতাদের ঠকিয়ে তাদের কাছ থেকে উল্লিখিত অতিরিক্ত মূল গ্রহণ করা হয়।

ওই দুই কর্মকর্তার বিরুদ্ধে দন্ডবিধির ৪২০/১০৯ এবং ১৯৪৭ সালের দুর্নীতি দমন আইনে মামলা করা হয়েছে।